গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের চতুর্থ প্রান্তিক (এপ্রিল-জুন, ২০২৩) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত নৈতিকতা কমিটির সভা'র কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ বি এম আমিন উল্লাহ নুরী<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |
| তারিখ | : | ১৬ মে, ২০২৩। |
| সময় | : | বেলা ৩.৩০ মিনিট। |
| স্থান | : | সভাকক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি তাঁর বক্তব্যে ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানিয়ে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুহাম্মদ কামরুল হাসানকে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর চতুর্থ প্রান্তিকের (এপ্রিল-জুন, ২০২৩) দপ্তর ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করার জন্য আহ্বান জানান।

০২. শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিগত ৩০/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর চতুর্থ প্রান্তিকের (এপ্রিল-জুন, ২০২৩) বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে ইতোপূর্বে নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে। এই প্রসঙ্গে সভায় বিগত সভার ৪নং সিদ্ধান্তে বর্ণিত সারা দেশের প্রতিদিনের সড়ক দুর্ঘটনার বিস্তারিত পরিসংখ্যান (গ্রাফসহ) বিআরটিএ'র ওয়েবসাইটে নিয়মিত আপলোড করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে শীর্ষক সিদ্ধান্তটি সংশোধন করে "সারা দেশের সড়ক দুর্ঘটনার বিস্তারিত পরিসংখ্যান বিআরটিএ'র ওয়েবসাইটে নিয়মিত আপলোড করতে হবে" মর্মে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে মতামত প্রদান করা হয়। সভাপতি সভায় টোল হার ওয়েব সাইটে আপলোড করার বিষয়ে জানতে চাইলে উপসচিব (টোল ও এক্সেল) সভাকে অবহিত করেন যে ওয়েবসাইটে নিয়মিত সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্ন জোনে অবস্থিত সেতু, সড়ক ও ফেরীর টোলহারের তালিকা আপলোড করা হচ্ছে। এই প্রসঙ্গে তিনি মতামত ব্যক্ত করেন যে অত্র বিভাগের ওয়েবসাইটে টোলের তালিকা আলাদা সেবা বক্সে প্রকাশ করলে সেবা গ্রহিতাগণ খুব সহজে টোলের হার জানতে পারবে।

০৩. বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় এ বিভাগ ও দপ্তরসমূহের চতুর্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা উপস্থাপন করেন এবং উপস্থিত সদস্যবৃন্দ লক্ষ্যমাত্রাসমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। সভায় গত ১০/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ফিডব্যাক সভায় কার্যক্রম ২.৫; তথা প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর বিষয়ে নির্দেশনার প্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের যে সকল প্রকল্পের যানবাহন অন্য প্রকল্পে ব্যবহার করা হচ্ছে তার বিস্তারিত বিবরণ/ব্যাখ্যা উল্লেখপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়। সওজ কর্তৃক বাস্তবায়িত সমাপ্ত প্রকল্পের যানবাহন অন্য প্রকল্পে ব্যবহার করার বিস্তারিত বিবরণ/ব্যাখ্যা উল্লেখপূর্বক একটি প্রতিবেদন তৈরি এবং প্রকল্পের অন্যান্য সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করার জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর এর প্রতিনিধিকে সভাপতি নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া কার্যক্রম ৩.২ এ উল্লিখিত টোল প্লাজায় ৩ (তিন)টি IT অডিট সম্পন্ন প্রসঙ্গে এ বিভাগের উপসচিব (টোল ও এক্সেল) উল্লেখ করেন যে এ কার্যক্রমের বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ইতোমধ্যে একটি টোল প্লাজায় IT অডিট সম্পন্ন হয়েছে। চরসিন্দুর সেতু ও শহীদ ময়েজউদ্দিন সেতুর IT অডিট সম্পন্ন করার জন্য ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে এ সকল সেতুর টোল প্লাজায় IT অডিট সম্পন্ন করা হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

৪.১ সড়ক ও জনপথ অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে তাঁর দপ্তরের NIS এর চতুর্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন চলমান আছে। তিনি আরও উল্লেখ করেন যে কার্যক্রম ২.৪ এ PIC সভা চলতি প্রান্তিকের লক্ষ্যমাত্রা ৩১৯ এর বিপরীতে ১৭৮টি অনুষ্ঠিত হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে বাকি ১৪১টি সভা অনুষ্ঠিত হবে। এ বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তা NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৫-এ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর এর বিষয়ে কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার উপর পুনরায় গুরুত্বারোপ করেন।

৪.২ বিআরটিএ'র NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে তাঁর দপ্তরে চতুর্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জনের কার্যক্রম চলমান আছে।

৪.৩ বিআরটিসি'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে চতুর্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা নেই। এ প্রসঙ্গে সভাপতি নৈতিকতা কমিটির কর্মপরিকল্পনার বাইরে অতিরিক্ত একটি কার্যক্রম হিসেবে বিআরটিসি'র সকল পরিবহনে RFID ট্যাগ স্থাপন এবং সড়ক ও সেতুর টোল পরিশোধের জন্য ETC পদ্ধতি প্রবর্তণের জন্য পরামর্শ প্রদান করেন, যা পরবর্তী প্রান্তিকের কার্যক্রমে অন্তর্ভুক্ত হতে পারে।

৪.৪ ডিটিসিএ'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে চতুর্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। এই প্রসঙ্গে অত্র বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ডিটিসিএ'র অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন এবং বাজেট বাস্তবায়ন সম্পর্কে জানতে চাইলে ডিটিসিএ'র প্রতিনিধি জানান যে রাজস্ব বাজেট হতে ভূমি ক্রয় বাবদ অর্থ ব্যয়ে অর্থ বিভাগের নিষেধাজ্ঞা থাকায় ভূমি ক্রয় বাবদ অর্থ ব্যয় করা সম্ভব হচ্ছেনা। উক্ত টাকা পরিশোধ করা গেলে বাজেট বাস্তবায়ন আরও ২০% অর্জিত হবে। এছাড়া দ্রুত ক্রয়কার্য এবং অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এই প্রসঙ্গে লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নে সভাপতি সর্বাত্মক উদ্যোগ নেয়ার বিষয়ে গুরুত্বারোপ করেন।

৪.৫ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে ডিএমটিসিএল'র চতুর্থ প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করা হবে। এছাড়া নৈতিকতা কমিটির কর্মপরিকল্পনার বাইরে অতিরিক্ত একটি কার্যক্রম হিসেবে মতিঝিল হতে কমলাপুর পর্যন্ত এমআরটি লাইন-৬ বর্ধিত অংশে বায়ু দূষণ রোধে পানি ছিটানোর কার্যক্রম গ্রহণ করা হবে।

৪.৬ ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) এর প্রতিনিধি সভাকে জানান যে চতুর্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। সভায় ঢাকা বিআরটি এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন এবং বাজেট বাস্তবায়ন সম্পর্কে জানতে চাওয়া হলে ঢাকা বিআরটি-এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে প্রকল্পের Processing Time এর কারণে অর্থ ছাড় বিলম্বিত হওয়ায় ক্রয় পরিকল্পনা ও বাজেট বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নে সভাপতি গুরুত্বারোপ করেন।

৫.০ সভায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০২৩-২০২৪ অর্থবছরের খসড়া NIS কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে কার্যক্রম ২.২ এ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন পিপিআর-২০০৮ অনুযায়ী সম্পন্ন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। কর্মপরিকল্পনার নিজস্ব কার্যক্রম হিসেবে কার্যক্রম ৩.৩ এ বিআরটিএ'র সেবা কার্যক্রমে স্বচ্ছতা আনয়ণে গণশুনানীর আয়োজন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত পর্যালোচনান্তে ২০২৩-২৪ অর্থবছরের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের খসড়া NIS কর্মপরিকল্পনাটি সভায় উপস্থিত সদস্যবৃন্দ চূড়ান্ত অনুমোদন প্রদান করেন।

৬.০ বিবিধ আলোচনায় সড়ক ও সেতুর টোল পরিশোধের লক্ষ্যে যে সকল টোল প্লাজায় ETC কার্যক্রম গ্রহণ করা হয়নি, সে সকল টোল প্লাজায় দ্রুত ETC সিস্টেম চালু করার উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতি গুরুত্বারোপ করেন। এছাড়া সড়ক ও জনপথ অধিদপ্তরের ন্যায় এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় নিরাপদ পানি পানের ব্যবস্থা করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৭.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | সমাপ্ত প্রকল্পের যানবাহন অন্য প্রকল্পে ব্যবহার করার বিস্তারিত বিবরণ/ব্যাখ্যা উল্লেখপূর্বক একটি প্রতিবেদন তৈরি এবং প্রকল্পের অন্যান্য সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরপূর্বক এ বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| (২) | এ বিভাগের ওয়েবসাইটে সড়ক ও সেতুর টোল সংক্রান্ত তথ্য প্রদর্শনের জন্য "সড়ক/সেতু টোল সেবাবক্স" চালু করে সেবা বক্সে সড়ক ও সেতুর টোলের হার সকলের জন্য প্রদর্শন করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| (৩) | টোল প্লাজায় নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী IT অডিট সম্পন্ন করতে হবে। | উপসচিব (টোল ও এক্সেল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| (৪) | সড়ক ও জনপথ অধিদপ্তরের ন্যায় এ বিভাগের আওতাধীন সকল দপ্তরে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/বিআরটিসি, নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |
| (৫) | সারা দেশের সড়ক দুর্ঘটনার বিস্তারিত পরিসংখ্যান বিআরটিএ'র ওয়েবসাইটে নিয়মিত আপলোড করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/উপসচিব, রোড সেফটি |
| (৬) | বিআরটিসি'র সকল পরিবহনে RFID ট্যাগ স্থাপন এবং টোল পরিশোধের লক্ষ্যে ETC ব্যবস্থা প্রবর্তনের কার্যক্রম গ্রহণ করতে হবে, যা পরবর্তী প্রান্তিকের কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| (৭) | মতিঝিল হতে কমলাপুর পর্যন্ত এমআরটি লাইন-৬ বর্ধিত অংশে বায়ু দূষণ রোধে পানি ছিটানোর কার্যক্রম গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |
| (৮) | NIS কর্মপরিকল্পনাভুক্ত চতুর্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ, চেয়ারম্যান, বিআরটিএ/বিআরটিসি, নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |
| (৯) | এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আগামী ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ, চেয়ারম্যান, বিআরটিএ/বিআরটিসি, নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |

৮.০ সভাপতি সমাপনী বক্তব্যে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুসারে যেসব কার্যক্রমের লক্ষ্যমাত্রা এখানো অর্জিত হয়নি সে সকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন ও বাস্তবায়নাধীন কার্যক্রমগুলো নির্ধারিত সময়ে সম্পন্নের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। সকল অর্জনের স্বপক্ষে প্রমাণক সংরক্ষণ এবং অগ্রগতি প্রতিবেদনের সাথে পতাকা চিহ্নিত করে সেগুলো প্রেরণের উপর সভাপতি বিশেষ গুরুত্বারোপ করেন।

৯.০ আর কোনো বিষয় আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
২৩/৫/২০২৩
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০০১.২২-৮৬

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪৩০
২৩ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা
০৫। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা
০৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১। একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি/মাস্টার কপি।

অনুলিপি (কার্যার্থে):

১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)

২৩/৫/২৩

(মুহাম্মদ কামরুল হাসান)
উপসচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮